

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূসক আইন ও বিধি শাখা]

আদেশ

তারিখ: ২৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : সেবা সরবরাহকারীদের জন্য উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার (মূসক-৪.৩) প্রযোজ্যতা বিষয়ে স্পষ্টীকরণ ও
দিকনির্দেশনা প্রদান।

সূত্র : (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর স্মারক নং-২য় (৫২) একাডেমি/পলিসি/এনবিআর/
২০২০খ্রিঃ/৫১৫, তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

(২) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১১৭-আইন/২০২০/১০০-মূসক, তারিখ: ১৪ মে, ২০২০ খ্রিস্টাব্দ।

নং ০৮/মূসক/২০২০—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩২ এর উপ-ধারা (৫) এবং মূল্য সংযোজন কর
ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২১ অনুযায়ী নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে বিভাগীয় কর্মকর্তার নিকট
উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করতে হয়। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর
ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) অনুযায়ী, উপকরণ-উৎপাদ সহগ এ ঘোষিত নেই এমন উপকরণ বা পণ্যের
বিপরীতে পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাবেনা মর্মে উল্লেখ রয়েছে। উল্লেখ্য যে, উপকরণ-উৎপাদ সহগ
(মূসক-৪.৩) এ “সেবা” শব্দটি বিলুপ্ত করে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১১৭-আইন/২০২০/১০০-মূসক,
তারিখ : ১৪ মে, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে নতুন একটি উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) ঘোষণা ফরম জারি করা
হয়েছে। সুতরাং, সেবা সরবরাহের ক্ষেত্রে উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) ঘোষণার প্রয়োজন নেই।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১৩৪৭)

মূল্য : টাকা ৪.০০